বাধ্যবাধকতার মধ্যে প্রধানমন্ত্রীর ভূমিকা সীমিত। কোয়ালিশান সরকারের প্রধানমন্ত্রীকে মনে রাখতে হয় যে তার মন্ত্রী পরিষদের স্থায়িত্ব সরকারের অন্তর্ভুক্ত বিভিন্ন শরিক দলের সমর্থনের উপর নির্ভর করে ফলে, প্রধানমন্ত্রীকে নানারকম আপোষ করতে হয়। শরিক দলে থেকে কারা মন্ত্রী হবেন, তা স্থির করেন সংশ্লিষ্ট দলগুলি, প্রধান মন্ত্রী নয়, তাছাড়া কোয়ালিশান সরকারে প্রধান মন্ত্রী তার নিজের দলের কর্মসূচী অনুসারে সরকার পরিচালনা করতে পারেন না। বিভিন্ন শরিক দলের কাছে গ্রহণযোগ্য অভিন্ন কর্মসূচী গ্রহণ করে তাকে সরকার পরিচালনা করতে হয়। উদাহরণ হিসাবে বলা যায় 2008 সালে গঠিত প্রথম সংযুক্ত প্রগতিশীল মোর্চার অন্তর্ভুক্ত শরিক দলগুলির বিশেষত বামদলগুলির চাপে কংগ্রেস (I) দল তাদের নিজস্ব কর্মসূচী সরিয়ে রাখতে বাধ্য হয়।

Scanned with CamScanner